# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ১১৬৮

পর্ব - ৯ঃ অপরাধ প্রসঙ্গ (كتاب الجنايات)

পরিচ্ছেদঃ 'শিবহে আমাদ' (ইচ্ছাকৃত হত্যার অনুরুপ হত্যা) হত্যা প্রসঙ্গ এবং ভ্রূণ হত্যার পণ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضي الله عنه ـ قَالَ: اقْتَتَلَتِ امْرَأَتَانِ مِنْ هُذَيْلٍ, فَرَمَتْ إِحْدَاهُمَا الْأُخْرَى بِحَجَرٍ, فَقَتَلَتْهَا وَمَا فِي بَطْنِهَا, فَاخْتَصَمُوا إِلَى رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَقَضَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ أَنَّ دِيَةَ جَنِينِهَا: غُرَّةٌ; عَبْدٌ أَوْ وَلِيدَةٌ, وَقَضَى بِدِيَةِ الْمَرْأَةِ عَلَى عَاقِلَتِهَا. وَوَرَّثَهَا وَلَدَهَا وَمَنْ مَعَهُمْ. فَقَالَ حَمَلُ بْنُ النَّابِغَةِ الْهُذَلِيُّ: يَا رَسُولَ اللَّهِ! كَيْفَ يَغْرَمُ مَنْ لَا شَرِبَ, وَلَا أَكَلَ, وَلَا نَطَقَ, وَلَا اسْتَهَلَّ, فَمِثْلُ ذَلِكَ يُطَلُّ, فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «إِنَّمَا هَذَا مِنْ إِخْوَانِ الْكُهَّانِ» ; مِنْ أَجْلِ سَجْعِهِ الَّذِي سَجَعَ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (5758)، ومسلم (1681) (36) واللفظ لمسلم

বাংলা

১১৬৮। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত যে, হুযাইল গোত্রের দু'জন মহিলা উভয়ে মারামারি করেছিল। তাদের একজন অন্যজনের উপর পাথর নিক্ষেপ করে। পাথর গিয়ে তার পেটে লাগে। সে ছিল গর্ভবতী। ফলে তার পেটের বাচ্চাকে সে হত্যা করে। তারপর তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট অভিযোগ দায়ের করে। তিনি ফায়সালা দেন যে, এর পেটের সন্তানের বদলে একটি পূর্ণ দাস অথবা দাসী দিতে হবে। আর নিহত মেয়েটির জন্য হত্যাকারিণীর আসাবাগণের (অভিভাবকদের) উপর দিয়াত (একশত উট) দেয়ার নির্দেশ দেন এবং এ দিয়াতের ওয়ারিসদের মধ্যে নিহত মহিলার সন্তান ও তাদের সঙ্গে অন্য যারা অংশীদার রয়েছে তাদের শামিল করেন। এরূপ ফায়সালার জন্য হামাল বিন নাবিগাহ আল-হুযালী বলল: হে আল্লাহর রসূল! এমন সন্তানের জন্য আমার উপর জরিমানা কেন হবে, যে পান করেনি, খাদ্য খায়নি, কথা বলেনি এবং কান্নাকাটিও করেনি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছন্দযুক্ত কথার জন্য তাকে উদ্দেশ্য করে বললেনঃ এ তো (দেখছি) গণকদের

ভাই।[1]

## English

Abu Hurairah (RAA) narrated “Two woman of the tribe of Hudhail fought with each other and one of them threw a stone at the other. In this way she killed the woman and what was in her womb (as she was pregnant). Their dispute was presented to the Prophet (ﷺ) who ordained that the Diyah (blood money) of the unborn child, is a male or a female slave of the best quality. He also decided that the Diyah of the woman is to be paid by her relatives (the one who killed) on her father’s side. The Messenger of Allah (ﷺ) also ordained that her inheritance (of the woman who killed as she died later) be for her sons and husband (and not for her relatives who had to pay the Diyah). Hamal bin An-Nabighah Al-Hudhaili then said, ‘O Messenger of Allah! Why should I pay the Diyah for one who neither drank nor ate nor spoke, nor cried (i.e. the dead fetus), such a creature is not entitled to blood money.’ The Messenger of Allah (ﷺ) then said, “This man is one of the brothers of the soothsayers,” on account of the rhymed speech which he used, concerning the dead fetus.

ফুটনোট

[1] বুখারী ৫৭৫৮, ৫৭৬০, ৬৭৪০, ৬৯০৪, মুসলিম ১৬৮১, তিরমিযী ১৪১০, ২১১১, নাসায়ী ৪৮১৭, ৪৮১৯, আর দাউদ ৪৫৭৬, ইবনু মাজাহ ২৬৩৯, আহমাদ ৭১৭৬, ৭৬৪৬, ২৭২১২, মালেক ১৬০৮, ১৬০৯, দারেমী ২৩৮২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন